**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 08-02-2026**
**Time: 07:35-07:40 PM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## PM Malaysia :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দুই দিনের মালয়েশিয়ায় সরকারী সফরের আজ শেষ দিনে বেশ কিছু বিষয়ে মৌ স্বাক্ষরিত হবে | গতকাল কুয়ালালামপুরে তাঁকে জাঁকজমকপূর্ণভাবে স্বাগত জানানো হয়েছে। এক অনুষ্ঠানে ভারতীয় প্রবাসীদের উদ্দেশ্যে ভাষণ দেওয়ার সময়, শ্রী মোদী ভারত ও মালয়েশিয়ার মধ্যে গভীর সম্পর্কের কথা তুলে ধরেন। তিনি ভারতীয় প্রবাসীদের দুই দেশের হৃদয়কে সংযুক্তকারী একটি সেতু হিসেবে বর্ণনা করেন। শ্রী মোদী বলেন, ১০০ টিরও বেশি ভারতীয় আইটি কোম্পানি মালয়েশিয়ায় কাজ করছে, হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করছে। তিনি ঘোষণা করেন যে ভারতের ডিজিটাল পেমেন্ট প্ল্যাটফর্ম ইউপিআই শীঘ্রই মালয়েশিয়ায় চালু করা হবে। শ্রী মোদী বলেন, ভারতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জন্য তিরুভাল্লুভার স্কলারশিপ চালু করা হবে এবং মালয়েশিয়ায় একটি নতুন ভারতীয় কনস্যুলেট খোলা হবে|

*************

## MSP, Paddy :

রাজ্যের বিভিন্ন মহকুমায় সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচী শুরু হয়েছে | রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল জিরানীয়ার মাধববাড়িস্থিত সরকারি খাদ্য গুদাম এলাকায় এই কর্মসূচির উদ্বোধন করেন| উপস্থিত ছিলেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সহ দপ্তরের অন্যান্য আধিকারিকরা| রাজ্যপাল জানান খাদ্য,

জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সহায়তায় চলতি খারিফ মরসুমে ২৩৬৯ টাকা প্রতি কুইন্টাল ন্যূনতম সহায়ক মূল্যে ১৮ হাজার মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। শান্তিরবাজারের বেতাগা এগ্রি গোডাউনে ধান ক্রয় কর্মসূচীর উদ্বোধন করেন সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া

**************

## CM, Budget Yuba :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন বিকশিত ভারত ২০৪৭ এর স্বপ্ন বাস্তবায়িত করতে হলে যুবাদের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে। গতকাল আগরতলার ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী টাউন হলে বিজেপি প্রদেশ যুব মোর্চার উদ্যোগে আয়োজিত বাজেট যুব সম্মেলনে তিনি একথা বলেন। বাজেট নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন এই বাজেট হচ্ছে বিকশিত ভারত ২০৪৭-এর প্রতিফলন। তিনি বলেন বাজেটে দেশের আয় ও ব্যায়ের বিষয়টির উপর জোর দেওয়া হয়েছে।

*************

**National School of Drama :**

ন্যাশনাল স্কুল অফ ড্রামা, নতুন দিল্লির উদ্যোগে ২৫তম ভারত রঙ্গ নাট্যমহোৎসব-২০২৬, ইন্টারন্যাশনাল থিয়েটার ফেস্টিবল অফ ইন্ডিয়া আজ থেকে আগরতলার নজরুল কলাক্ষেত্রে শুরু হবে।

পাঁচ দিনের এই নাট্যোৎসব আজ প্রথম দিনে নাটক মঞ্চস্থ করবে এনএসডি টিআই টি ত্রিপুরা শাখা। নাট্যোৎসব শেষ হবে ১২ ফেব্রুয়ারি। এই নাট্যৎসবে ত্রিপুরা সহ আসাম, দিল্লি এবং কলকাতা থেকে নাট্যদল অংশগ্রহণ করবে। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সংগীত নাটক একাডেমী

পুরস্কার প্রাপ্ত শিল্পী তরুবালা দেববর্মা। প্রতিদিন সন্ধ্যা সাড়ে ছটা থেকে নাটক শুরু হবে। পাঁচদিনে মোট পাঁচটি নাটক মঞ্চস্থ হবে।

*************

## Visit-AMC :

আগরতলা পুর নিগমের একটি প্রতিনিধি দল উচ্ছেদকৃত ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনর্বাসনের লক্ষ্যে গতকাল  শহরের বিভিন্ন এলাকা পরিদর্শনে যান। প্রতিনিধি দলে ছিলেন আগরতলা পুর নিগমের কমিশনার সাজু ওয়াহিদ সহ প্রশাসনিক আধিকারিকরা। শ্রী ওয়াহিদ জানান প্রশাসনের পক্ষ থেকে অবিলম্বে ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য বিকল্প জায়গার ব্যবস্থা করা হবে এবং উচ্ছেদ অভিযান পরিচালনার পাশাপাশি প্রশাসনের তরফে ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনর্বাসনের বিষয়টিকেও সমান গুরুত্ব দেওয়া হচ্ছে।

**************

## CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে গতকাল  সচিবালয়ে পথ কুকুর ও অন্যান্য পশুদের কল্যাণ, জননিরাপত্তা বিষয়ে বিভিন্ন পদক্ষেপের উপর একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পথ কুকুরদের পর্যায়ক্রমে আশ্রয় কেন্দ্রে স্থানান্তরিত করা ও আশ্রয় কেন্দ্রগুলিতে তাদের যথাযথ যত্ন, জন্ম নিয়ন্ত্রণ ব্যবস্থা, চিকিৎসা, রক্ষণাবেক্ষণ, খাবার এবং সুরক্ষা প্রদান করা করার বিষয়ে আলোচনা হয়। তাছাড়া আগরতলার প্রতিটি ওয়ার্ডে পথ কুকুরদের বিষয়ে জনসচেতনতামূলক প্রচারণা সম্পর্কে আলোচনা হয়। বৈঠকে প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সচিব দীপা ডি নায়ার সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

***************

## RBSM:

শিল্প ও বাণিজ্য দপ্তর, কেন্দ্রীয় MSME মন্ত্রকের যৌথ উদ্যোগে আজ আগরতলার বেসরকারি হোটেলে রিভার্স বায়ার-সেলার মিট অনুষ্ঠিত হয় এই মিটএর উদ্বোধন করেন শিল্প ও বাণিজ্য, দপ্তরের মন্ত্রী সন্তনা চাকমা। পরে তিনি বলেন ক্রেতা বিক্রেতার এ সম্মেলনের মধ্যে দিয়ে স্থানীয় উদ্যোগগুলোর জন্য নতুন বাজার সম্ভাবনা উন্মোচন হবে।

***************

**Naidu Cricket :**

কর্নেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় তামিলনাড়ুর বিরুদ্ধে ইনিংসে পরাজয় এড়াতে লড়াই করছে ত্রিপুরা। ডিন্ডিগোলে ২ উইকেটে ৯0 রান থেকে গতকাল দ্বিতীয় দিনে ব্যাট করতে নেমে স্বাগতিক তামিলনাড়ুর প্রথম ইনিংসে লিড নিয়ে ৯ উইকেট হারিয়ে ৪২৮ রান তুলে সমাপ্তির ঘোষণা দেয়। ২৬0 রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ১ উইকেট হারিয়ে ২৩ রান করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ১৬৮ রান করেছিল।

*************

**Weather :**

আজ আকাশ সাধারনত পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল ।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রী সেলসিয়াস।

***************

***********